

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 06-04 -2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

Bharat Tribes Fest 2026 concluded:

‘ভারত ট্রাইবস ফেস্ট ২০২৬’ এর আনুষ্ঠানিক সমাপ্তি হয়েছে। গতকাল আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে আদিবাসী সংস্কৃতি, কারুশিল্প এবং উদ্যোগের ১৯ দিনব্যাপী উদযাপনের চূড়ান্ত পর্যায়টি সম্পন্ন হয়। অনুষ্ঠানে দশটি বিভাগে— মৃৎশিল্প, বেত ও বাঁশ, গহনা, রন্ধনশিল্প, উপহার ও সামগ্রী, ধাতু, প্রাকৃতিক পণ্য, চিত্রকলা, বস্ত্র এবং বন ধন বিকাশ কেন্দ্র— সেরা দক্ষতায়ুক্ত আদিবাসী কারিগর ও বিদ্রোহীদের সম্মাননা প্রদান করা হয়।

উৎসবের রেকর্ড পরিমাণ বিক্রি এবং দেড় লক্ষেরও বেশি দর্শকের উপস্থিতি আদিবাসী পণ্য ও তাদের ক্ষমতায়নের প্রতি ক্রমবর্ধমান আগ্রহের প্রমাণ দেয়। আদিবাসী বিষয়ক মন্ত্রক জানিয়েছে, ২০০টিরও বেশি স্টলে বিভিন্ন ধরনের আদিবাসী হস্তশিল্প, তাঁত এবং প্রাকৃতিক পণ্য প্রদর্শন করা হয়েছিল।

এই উৎসবে ৭৫টিরও বেশি বন ধন বিকাশ কেন্দ্রের ৩০০ জনেরও বেশি কারিগর এবং প্রতিনিধি অংশগ্রহণ করেছিলেন।

DGP North :

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ গতকাল ধর্মনগরে জেলা পুলিশ সুপারের অফিসে এক উচ্চ পর্যায়ের বৈঠকে পৌরহিত্য করেন। ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন এবং স্বশাসিত জেলা পরিষদের নির্বাচনের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে বৈঠকে পর্যালোচনা করা হয়। বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরার জেলাশাসক চাঁদনী চন্দ্রন সহ শীর্ষ পদস্থ আধিকারিকরা। বৈঠক শেষে পুলিশের মহানির্দেশক সাংবাদিকদের জানান, নির্বাচন সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে।

ADC ELECTION :

ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদের সাধারণ নির্বাচন আগামী রবিবার। এই নির্বাচনের প্রচার জমজমাট হয়ে উঠেছে। বিভিন্ন দল প্রার্থীদের সমর্থনে মিছিল সমাবেশ এবং বাড়ি ঘরে প্রচারে অংশ নিচ্ছে। বিজেপি নেতা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল কুলাই চাম্পাহাওর কেন্দ্রে বিজেপি প্রার্থী বিমল দেবর্মার সমর্থনে প্রচার করেন। কৈলাসহরের জামতৈলবাড়ি এডিসি ভিলেজের ছাগলডেমা হাই স্কুল মাঠে তিপুরা মথা দলের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। এদিকে, কংগ্রেসের উদ্যোগে পেচারথলে এক সমাবেশ সভা অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা ও অন্যান্যরা। শিলাছড়ি - মনুবনকুল আসনের সিপিআইএম প্রার্থীর সমর্থনে গতকাল বনকুল পুরান বাজারে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, প্রার্থী উঁচাথই মগ প্রমুখ বক্তব্য রাখেন।

BJP Menifesto :

+

বিজেপি এডিসি নির্বাচনের ইস্তেহার বা সংকল্প পত্র প্রকাশ করেছে। গতকাল খুমলুং-এ চোখে রেঙ হলে এই সংকল্প পত্র প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য সহ শীর্ষ পর্যায়ের দলীয় নেতৃত্ব। এই সংকল্প পত্রে ২৯ টি বিষয়ের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

JANA BISWAS BILL :

জন বিশ্বাস (এমেন্ডমেন্ট অফ প্রভিসনস) বিল ২০২৬, গত ২রা এপ্রিল সংসদে পাশ হয়েছে। ২৩ টি মন্ত্রকের অধীনে থাকা ৭৯টি কেন্দ্রীয় আইনের ৭৮৪ টি প্রতিশন – এই বিলে সংশোধন করা হয়েছে। ফেডারেশন অফ ইন্ডিয়ান মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টার প্রাইসেস FISME এর পক্ষ থেকে এই সংশোধনীকে স্বাগত জানানো হয়েছে। FISME এর সেক্রেটারি জেনারেল অনিল ভরদ্বাজ আকাশবাণীর সংবাদ বিভাগকে দেওয়া এক সাক্ষাৎকারে জানান, এই সংশোধনী ক্ষুদ্র, অতি ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগীদের জন্য আরো বেশি কার্যোপযোগী পরিবেশ তৈরী করবে। এই সংশোধনীতে ছোটখাটো অপরাধকে অপরাধ নয় এমন পর্যায়ে আনা এবং কারাদন্ডের পরিবর্তে যথাযথ অসামরিক ক্ষতিপূরণের সংস্থান রাখায় উদ্যোগীদের ভীতিও কমবে বলে শ্রী ভরদ্বাজ জানান।

LPG :

দেশে পেট্রোল ডিজেল এবং এলপিগ্যাসের যোগান অব্যাহত রাখতে সরকার সব রকম প্রচেষ্টা চালাচ্ছে। কেন্দ্রীয় পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের পক্ষ থেকে নাগরিকদের ডিজিটাল মুডে এলপিগ্যাস সিলিন্ডার বুক করার কথা বলা

হয়েছে। মঞ্জুক থেকে জানানো হয়েছে যে, ২০২৬ সালের মার্চ মাস থেকে প্রায় তিন লক্ষ ষাট হাজার পিএনজি সংযোগের মাধ্যমে গ্যাস সংযোগ দেওয়া হয়েছে। মঞ্জুকের পক্ষ থেকে আরো জানানো হয় যে, সারাদেশে বন্দরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

Assam rifles :

Assam Rifles এর উদ্যোগে গতকাল আগরতলায় বিশেষভাবে সক্ষম শিশুদের জন্য একটি সচেতনতা কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে অসম রাইফেলসের জওয়ান, তাঁদের পরিবার, আগরতলা ও উদয়পুরের অসম রাইফেলস পাবলিক স্কুলের অভিভাবক ও শিক্ষকেরা অংশ নেন। এনজিও-র বিশেষজ্ঞরা শিশুদের বিকাশজনিত ও মানসিক সমস্যার প্রাথমিক লক্ষণ ও আচরণগত পরিবর্তন চিহ্নিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এই কর্মশালায়।

KAJAL SMRITI FOOTBALL :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের গতকাল একটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সুধন্য দেববর্মা মেমোরিয়াল স্কুল ও আস্তাবল স্পোর্টস এন্ড কোচিং সেন্টারের খেলাটি ১-১ গোলে ড্র হয়। অপর খেলায় সুখময় স্কুল মাঠে না আসায় আসাম রাইফেলস স্কুল ওয়াকওভার পায়।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা

রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায়
আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.২ ডিগ্রি সেলসিয়াস।
